

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
 নগর উন্নয়ন অধিদপ্তর  
 টাউন প্ল্যানিং শাখা  
 www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.২৪

তারিখ: ২২ কার্তিক ১৪২৬

০৭ নভেম্বর ২০১৯

বিষয়: ঢাকা ম্যাস র্‌যাপিড ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)-এর উত্তরা নর্থ স্টেশনে যাত্রীদের ওঠানামা ও কার পার্কিং এর জন্য প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ০.৩৫৪ একর ব্যক্তি মালিকানাধীন ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। স্মারক নং- ৩৫.০৫.০০০০.৬৫১.৮৪.০০৯.১৯.৬৮৭; তারিখ: ১২/০৯/২০১৯ খ্রিঃ

২। স্মারক নং- ৩৫.০৫.০০০০.৬৫১.৮৪.০০৯.১৯-৭১৩; তারিখ: ১৬/১০/২০১৯ খ্রিঃ

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ম্যাস র্‌যাপিড ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)-এর উত্তরা নর্থ স্টেশনে যাত্রীদের ওঠানামা ও কার পার্কিং এর জন্য প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত নিম্ন-লিখিত তফসিলভুক্ত ০.৩৫৪ একর (তফসিল সংযুক্তি: ০১) ব্যক্তি মালিকানাধীন ভূমি অধিগ্রহণের জন্য অনাপত্তিপত্রপ্রদানের জন্য অত্র দপ্তরকে অনুরোধ করা হয়।

ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-০৬) এর আওতায় উত্তরা নর্থ স্টেশনে যাত্রীদের ওঠানামা ও কার পার্কিং এর জন্য ভূমি অধিগ্রহণের লক্ষ্যে আরএস খতিয়ান অনুযায়ী প্রস্তাবিত ভূমির দাগসূচিঃ

| জেলা   | মৌজা       | জেএল<br>নং | সিট<br>নং | আর.এস প্লট<br>নং | আর.এস<br>খতিয়ান<br>নং | সিটি<br>জরিপের<br>প্লট নং   | সিটি<br>জরিপের<br>খতিয়ান<br>নং                                      | প্লটের মোট আয়তন |       |          | অধিগ্রহণ এর জন্য প্রস্তাবিত<br>ভূমির পরিমাণ |        |         |
|--|------------|------------|-----------|------------------|------------------------|---|--|------------------|-------|----------|---|--------|---------|
|  |            |            |           |                  |                        |   |  | বর্গমিটার        | একর   | ডেসিমেল  | বর্গমিটার                                   | একর    | ডেসিমেল |
| ঢাকা   | দিয়াবাড়ি | ১০         | ২         | ৯৮০              | ৪১,<br>১৩২             | ২০৫৩,<br>২০৫৪,<br>৩৫০৬  | ১৩৩৪,<br>৬৮৭,<br>৭৪৫,<br>১৩৩৪,<br>৯৫১                                | ৩৯১৫.৮১৮         | ০.৯৬৮ | ৯৬.৭৬২   | ২৩২.০১১                                     | ০.০৫৭  | ৫.৭৩৩   |
|  |            |            |           | ৯৮১              | ৪১,<br>১৩২             | ৩৫০৭,<br>৩৫০৯   | ৯৫৯,<br>১৪৯৫   | ১১৭১.৯২২         | ০.২৯০ | ২৮.৯৫৯   | ৪৫.৭৩৯                                      | ০.০১১  | ১.১৩০   |
|  |            |            |           | ৯৮২              | ১৩২                    | ২০৪৬,<br>২০৪৭,<br>২০৪৮,<br>২০৪৯,<br>২০৫০,<br>২০৫২,<br>২০৫৫,<br>৩৩৪৩,<br>৩৩৪৪,<br>৩৫০১ | ১১১১,<br>১৪৭৪,<br>৫৩৪,<br>১৩৯৪,<br>১৩৩৪,<br>১৬০৮,<br>১, ৫৪৪,<br>১৬১৬ | ৭২৬৪.০১৫         | ১.৭৯৫ | ১৭৯.৪৯৮  | ১০৬২.০৩৪                                    | ০.২৬২  | ২৬.২৪৩  |
|  |            |            |           | ৯৮৩              | ৮৮                     | ২০৭১,<br>২০৭২   | ৭৭৮,<br>১৩৯৩   | ৬৯৯৯.০৬৫         | ১.৭৩০ | ১৭২.৯৫১  | ৯৪.৩৬৫                                      | ০.০২৩  | ২.৩৩২   |
| অধিগ্রহণ এর জন্য প্রস্তাবিত সর্বমোট ভূমির পরিমাণ |            |            |           |                  |                        |   |  |                  |       | ১৪৩৪.১৪৯ | ০.৩৫৪                                       | ৩৫.৪৩৮ |         |

সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, চাহিতব্য ভূমির অধিকাংশ এলাকা ঢাকা জেলার উত্তরা থানাধীন ঢাকা শহর রক্ষা বেড়ী বাঁধ সংলগ্ন উত্তরা ওয় ফেজ এর পাশে দিয়াবাড়ী মৌজায় অবস্থিত। সরেজমিন প্রতিবেদন আরো দেখা যায় যে, প্রস্তাবিত ব্যক্তি মালিকানা জমিতে একটি দুই তলা বিল্ডিং, একটি টিন সেট ও মেট্রোরেল প্রকল্পের প্রধান ট্র্যাক রয়েছে। প্রস্তাবিত জমিতে কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান (যেমন-মসজিদ, মন্দির, গির্জা, কবরস্থান এবং শিক্ষা-প্রতিষ্ঠান ইত্যাদি) নাই (সরেজমিন পরিদর্শন প্রতিবেদন সংযুক্তি: ০২)।

**Detailed Area Plan (DAP)** পর্যালোচনায় দেখা যায় যে, চাহিতব্য জমির ভূমি ব্যবহার **Urban Residential Zone** হিসেবে বলা আছে। **Landuse Permitted** হিসেবে **Communication Service Facilities, Communication Tower Within Permitted Height and Public Utility Stations & Sub-Stations** এর কথা বলা আছে। এছাড়াও প্রস্তাবিত জায়গাটিতে **Transportation Facilities**-এর প্রস্তাবনা **DAP** এর ম্যাপে চিহ্নিত রয়েছে (সংযুক্তি: ০৩)।

এছাড়া রিজিওন্যাল ম্যাপ পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত ভূমির উত্তর পাশে মেট্রোরেল এর উৎপত্তিস্থল, পশ্চিম ও দক্ষিণে রাজউক প্রস্তাবিত আবাসিক প্লট এবং পূর্বে পাশে খালী জমি রয়েছে (সংযুক্তি: ০৪)।

উল্লেখ থাকে যে, বাস্তবায়নধীন **MRT** প্রকল্পটির মাধ্যমে রাজধানী ঢাকার সাথে উত্তরা আবাসিক এলাকা ও তৎসংলগ্ন এলাকার যোগাযোগ এবং সাধারণ জনগণের যানজটহীন দ্রুত, আরামদায়ক ও নিরাপদ চলাচল/কমিউটিং এর জন্য ঢাকা ম্যাস র্‌যাপিড ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)-এর উত্তরা নর্থ স্টেশনে যাত্রীদের ওঠানামা ও কার পার্কিং টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজধানী ঢাকার উপর চাপ কমাতে ও বৃহত্তর জনস্বার্থে উক্ত ঢাকা ম্যাস র্‌যাপিড ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)-এর উত্তরা নর্থ স্টেশনে যাত্রীদের ওঠানামা ও কার পার্কিং টি স্থাপনের জন্য জমি অধিগ্রহণের প্রয়োজন আছে। ফলশ্রুতিতে, নিম্ন-লিখিত শর্তসাপেক্ষে উক্ত জমি অধিগ্রহণে অত্র দপ্তরের কোন আপত্তি নাই এবং এই ছাড়পত্র জমির মালিকানা নির্ধারণ করে না।


### শর্তসমূহঃ

- ১। **MRT** এর নীচে অবস্থিত রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে **MRT** এর যাত্রী প্রবেশ, বহির্গমন ও কার পার্কিং এর সম্মুখ ভাগে পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে এবং ডিজাইনে তা বিবেচনায় নিতে হবে।
- ২। কার পার্কিং টির গাড়ীসমূহ প্রবেশ ও বাহির দ্বারা নীচে প্রবাহমান **Vehicle** গুলো যেন কোনভাবে বাধাগ্রস্থ না হয় তার জন্য প্রয়োজনীয় **Protective Measure/Physical Barrier/Signaling System** থাকতে হবে।
- ৩। কার পার্কিং টি মূল **Track** এবং রাস্তা হতে দূরে স্থাপন করতে হবে।
- ৪। **Main Transport System** লিংক করার ক্ষেত্রে সার্ভিস রাস্তার জন্য পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।
- ৫। কার পার্কিং-এ সাইকেল এবং মোটর যান এর জন্য আলাদা **Parking** এর ব্যবস্থা থাকতে হবে। কার পার্কিং টি ভবিষ্যতে বহুতল বিশিষ্ট করার বিষয়টি ডিজাইনে থাকতে হবে এবং একাধিক **Easy Entry** ও **Easy Exit** এর সংস্থান থাকতে হবে। বহুতল বিশিষ্ট কার পার্কিং হলে পর্যাপ্ত লিফট এবং সিসি ক্যামেরা এর ব্যবস্থা থাকতে হবে।
- ৬। কার পার্কিং এ বিশ্রামাগার, **Mechanical Repair Workshop, Public Toilet**, পয়ঃনিষ্কাশন এর জন্য **ETP** এবং নিজস্ব বিদ্যুৎ ব্যবস্থা থাকতে হবে।
- ৭। কার পার্কিং এর চতুর্দিকে **Noise Preventive Wall/Barrier** এর ব্যবস্থা থাকতে হবে এবং সীমানা প্রাচীর কমপক্ষে ২০ (বিশ) ফুট উঁচু হতে হবে।
- ৮। অতি বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত **Drainage** এর ব্যবস্থা রাখতে হবে।
- ৯। কার পার্কিং এর চতুর্দিকে **Walkway** এ **Solar lighting** এবং **Plantation** এর ব্যবস্থা থাকতে হবে
- ১০। কার পার্কিং এর সংলগ্ন সকল জায়গা সুরক্ষিত রাখতে হবে এবং প্রাকৃতিক সৌন্দর্য/পরিবেশ রক্ষার্থে ঐ সমস্ত জায়গা **Beautification** এর ব্যবস্থা নিতে হবে।
- ১১। কার পার্কিং-এ পর্যাপ্ত **Directional Bill Board** এর ব্যবস্থা থাকতে হবে।

- ১২। কার পার্কিং ডিজাইন এর ক্ষেত্রে ভূমিকম্প ও অগ্নি দুর্ঘটনা বিবেচনায় নিতে হবে।  
 ১৩। কার পার্কিং টি দূর থেকে দৃশ্যমান করার ব্যবস্থা রাখতে হবে।  
 ১৪। কার পার্কিং টি বিশেষ এলাকা হিসেবে চিহ্নিত থাকতে হবে।  
 ১৫। কার পার্কিং টির Entry ও Exit এ Bump থাকতে হবে যাতে কোন দুর্ঘটনা না ঘটে।  
 ১৬। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।

সংযুক্তিঃ

১. তফসিলভুক্ত ০.৩৫৪ একর জমি।
২. সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন।
৩. ড্র্যাংপ পর্যালোচনা প্রতিবেদন।
৪. রিজিওনাল ম্যাপ।
৫. রাজউক কর্তৃক প্রেরিত অনাপত্তিপত্র



১১-১১-২০১৯

জনাব শাহীন আহম্মেদ  
সিনিয়র প্ল্যানার


মো: আফতাবউদ্দিন তালুকদার, প্রকল্প পরিচালকঢাকা ম্যাস  
রুয়াপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)প্রবাসী  
কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.২৪/১(৭)

তারিখ: ২২ কার্তিক ১৪২৬  
০৭ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৫) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) সহকারী প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১১-১১-২০১৯

মো: রাসেদুল ইসলাম  
সহকারী প্ল্যানার